



## গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১

চান্দনা, গাজীপুর।

৬ষ্ঠ বার্ষিক সাধারণ সভা, ২০২৪ খ্রিঃ

### সাধারণ সভার বিজ্ঞপ্তি

এতদ্বারা গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সম্মানিত গ্রাহক সদস্যদের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, আগামী ০৮/০২/২০২৪ খ্রিঃ (২৫শে মাঘ ১৪৩০ বঙ্গাব্দ) রোজ বৃহস্পতিবার সকাল ৯:০০ ঘটিকায় সমিতির সদর দপ্তরে ৬ষ্ঠ বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হবে।

### সভার অনুষ্ঠান সূচী

সময়	বিষয়
০৯.০০-১১.০০	গ্রাহক সদস্যগণের রেজিস্ট্রেশন, পারস্পারিক যোগাযোগ ও প্রদর্শনী পরিদর্শন।
১১.০০-১১.০৫	সভাপতি, পরিচালকমণ্ডলী ও মহিলা পরিচালকবৃন্দের সভামঞ্চে আসন গ্রহণ ও সভাপতি কর্তৃক সভা উদ্বোধন।
১১.০৫-১১.১৫	পবিত্র কোরআন থেকে তেলাওয়াত ও গীতা পাঠ।
১১.১৫-১১.২৫	কোরাম নির্ধারণকল্পে সদস্যগণের উপস্থিতি জনিত হিসাব প্রদান।
১১.২৫-১১.৩৫	বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি পাঠ।
১১.৩৫-১২.৩৫	বার্ষিক প্রতিবেদন পাঠ :
	(ক) বাপবিবোর্ডের চেয়ারম্যান মহোদয়ের বাণী।
	(খ) সভাপতির প্রতিবেদন।
	(গ) কোষাধ্যক্ষের প্রতিবেদন।
	(ঘ) সিনিয়র জেনারেল ম্যানেজারের প্রতিবেদন।
১২.৩৫-১৩.০০	প্রশ্নোত্তর পর্ব।
১৩.০০-১৩.৩০	লটারী ড্র ও লাকী কুপন।
১৩.৩০-১৩.৪০	পুরস্কার বিতরণ।
১৩.৪০-১৩.৪৫	নির্বাচন কমিশন কর্তৃক নির্বাচনী ফলাফল ঘোষণা এবং নবনির্বাচিত পরিচালক/মনোনীত পরিচালকগণের আসন গ্রহণ।
১৩.৪৫-১৩.৫০	সভার মূলতবীকরণ।

বার্ষিক সাধারণ সভায় অংশগ্রহণকারী গ্রাহক সদস্যগণের জ্ঞাতব্য বিষয় :

২১/০৮/২০২৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সমিতির ৬৬ তম বোর্ড সভার সিদ্ধান্ত নং-০৩/৬৬/২০২৩ খ্রিঃ অনুযায়ী ১০/১১/২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত সংযোগ প্রাপ্ত গ্রাহক-সদস্যগণ আগামী ০৮/০২/২০২৪ খ্রিঃ তারিখের ৬ষ্ঠ বার্ষিক সাধারণ সভায় অংশগ্রহণ করতে পারবেন।

বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি প্রেরণ :

এই বিজ্ঞপ্তি ডাকযোগে/বাহক মারফত বা অন্য কোন পন্থায় সকল সদস্যকে সমিতিতে তাদের রেকর্ডকৃত ঠিকানায় প্রেরিত হলেই বিজ্ঞপ্তি যথাসময়ে গ্রাহক সদস্য কর্তৃক প্রাপ্ত হয়েছে বলে বিবেচিত হবে।

গ্রাহক সদস্যগণের রেজিস্ট্রেশন :

বার্ষিক সাধারণ সভায় গ্রাহক সদস্যগণের রেজিস্ট্রেশন অনুষ্ঠান সুষ্ঠুভাবে পরিচালনার জন্য গ্রাহক সদস্যগণকে সদস্য সার্টিফিকেট/সর্বশেষ পরিশোধিত বিদ্যুৎ বিলের কপি সঙ্গে আনার জন্য অনুরোধ করা হল। সাধারণ সভায় অংশগ্রহণে ইচ্ছুক সম্মানিত গ্রাহক সদস্যদেরকে জটিলতা ও ঝামেলা এড়ানোর স্বার্থে সকাল ৯.০০ ঘটিকা হতে ১১.০০ ঘটিকার মধ্যে রেজিস্ট্রেশন কাজ সম্পন্ন করার জন্য অনুরোধ করা হল। উক্ত সময়ের মধ্যে কেহ রেজিস্ট্রেশন কাজ সম্পন্ন করতে না পারলে উক্ত সময়ের পর কোন ভাবেই রেজিস্ট্রেশন কাজের জন্য কর্তৃপক্ষকে দায়ী করা যাবে না বা কোন প্রকার দাবী দাওয়া, ওজর আপত্তি গ্রহণযোগ্য হবে না।

প্রশ্নপত্র প্রদান :

সম্মানিত গ্রাহক সদস্যদের সমিতির কার্যক্রম সংশ্লিষ্ট কোন প্রশ্ন/সুপারিশ/পরামর্শ থাকলে তা আগামী ৩০/০১/২০২৪ খ্রিঃ তারিখ রোজ মঙ্গলবার অফিস চলাকালীন সময়ে দুপুর ২:০০ ঘটিকার মধ্যে অত্র সমিতির সদর দপ্তরে পৌঁছানোর জন্য অনুরোধ করা হল। বার্ষিক সাধারণ সভার দিনে ও সময়ে কোন প্রকার প্রশ্ন লিখিত বা মৌখিক ভাবে গ্রহণ করা হবে না। সমিতির কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া, সদস্যদের সমষ্টিগত স্বার্থে সমিতির কার্যধারা সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করা সম্মানিত গ্রাহক সদস্যদের সর্বাধিক গুরুত্বপূর্ণ ও পবিত্র দায়িত্ব। বার্ষিক সাধারণ সভা ও তৎপূর্বে সংশ্লিষ্ট এলাকা পরিচালক নির্বাচন সমিতির সুষ্ঠু পরিচালনায় সম্মানিত গ্রাহক সদস্যদের নিজ নিজ অধিকার প্রয়োগ ও দায়িত্ব পালনের সুযোগ আনিয়া দেয়।

এমতাবস্থায়, অত্র পল্লী বিদ্যুৎ সমিতি-এর সম্মানিত গ্রাহক সদস্যদের বার্ষিক সাধারণ সভায় যোগদান ও প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট এলাকা পরিচালক নির্বাচনে অংশ গ্রহণ করত: নিজ নিজ গণতান্ত্রিক অধিকার প্রয়োগ করার জন্য সাদর আমন্ত্রণ জানানো যাচ্ছে।

তারিখ : ২৪-১০-২০২৩ খ্রিঃ।

(মোঃ শাহাজাদা মুখা)

সচিব, সমিতি বোর্ড

গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১